



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৫১৩

তারিখ: ০৮/১২/২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

আইসিপিসি এশিয়া প্রোগ্রামিং প্রতিযোগিতায় চতুর্থ কুবি

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতায় (আইসিপিসি) এশিয়ার ঢাকা আঞ্চলিক প্রোগ্রামিং প্রতিযোগিতায় চতুর্থ স্থান অর্জন করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের দল 'CoU LastRunForMemories'। উক্ত প্রতিযোগিতায় ১৪৮টি প্রতিষ্ঠানের ৩০৮টি দল অংশগ্রহণ করেছিল।

শনিবার (৭ ডিসেম্বর) সাভারের ড্যাফোডিল স্মার্ট সিটির স্বাধীনতা সম্মেলন কেন্দ্রে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের তিনজন নিয়ে গঠিত হয়েছে CoU_LastRunForMemories দল। তিনজন হলেন— ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মো. রাকিব হোসেন, মো: রায়হান ইসলাম এবং একই বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মেহেদী হাসান খান। প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেছে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের দল SUST_Fanatics, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের DU_Pri m o r d i u s ও DU_Si n g u l a r i t y। ৫ম স্থান অর্জন করেছে ইসলামীক ইউনিভার্সিটি অব টেকনোলজি CocolaChampionBiscuit, ৬ষ্ঠ স্থান অর্জন করেছে ব্রাক ইউনিভার্সিটি Crows, ৭ম স্থান অর্জন করেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় FalmDeSang, ৮ম স্থান অর্জন করেছে রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় 998244353 এবং ৯ম স্থান অর্জন করেছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) Quasar।

CoU LastRunForMemories দল মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী'র সাথে দেখা করেন। মাননীয় উপাচার্য তাদেরকে অভিনন্দন জানান।

উল্লেখ্য, 'আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতায় (আইসিপিসি)' বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য বিশ্বের জনপ্রিয় এবং সবচেয়ে বড় প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন করে। প্রতি বছর দু'টি পর্ব অনুষ্ঠিত হয়। ১ম পর্বে বিশ্বের আটটি অঞ্চল থেকে প্রতিযোগিতার মাধ্যমে বিজয়ীরা চূড়ান্ত পর্বে অংশ নেয়। আইসিপিসি ঢাকা, বিশ্বের আটটি অঞ্চলের মধ্যে এশিয়া-পশ্চিম অঞ্চলের অন্তর্ভুক্ত। এই প্রতিযোগিতায় গতবছর কুবি ১১ তম স্থান অর্জন করেছিল।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়